

**ঃ অফিস আদেশ ঃ**

বিগত ২০/০১/২০১০ তারিখ থেকে ঢাকা মহানগরীসহ শ্রমঘন ঢাকা, নারায়ণগঞ্জ, নরসিংদী ও গাজীপুর জেলায় সুলভ মূল্যে খোলা বাজারে চাল বিক্রয় শুরু হয়েছে। এ চাল বিক্রয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিবীক্ষণের জন্য খাদ্য অধিদপ্তরের ৩য় তলায় ২০৪ নং কক্ষে একটি নিয়ন্ত্রণ কক্ষ খোলা হল। এ কক্ষের ফোন নং- ৯৫৫৬০৭৫। এ নিয়ন্ত্রণ কক্ষে নিম্নে উল্লিখিত কর্মকর্তারা পূনরাদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পাশে উল্লিখিত সময়ের জন্য নিয়ন্ত্রণ কক্ষের দায়িত্ব পালন করবেন ঃ-

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবী	দিনের যে সময়ে দায়িত্ব পালন করবেন	কর্মকর্তার ফোন নম্বর
১।	জনাব এস, এম সাইফুল ইসলাম	সহকারী খাদ্য নিয়ন্ত্রক	সকাল ৯.০০ টা থেকে বিকেল ৩.০০ টা পর্যন্ত	০১৭১১-১৫৬৯০২
২।	জনাব ইকবাল বাহার চৌধুরী	ঐ	বিকেল ৩.০০ টা থেকে রাত ৯.০০ টা পর্যন্ত	০১৮১৯-১৯৪৬৮৬

নিয়ন্ত্রণ কক্ষে নিয়োজিত কর্মকর্তারা যে সব দায়িত্ব পালন করবেন ঃ-

- প্রতিদিন ঢাকা মহানগরে ও ৪টি জেলায় যে সব ট্রাক ডিলার ও দোকান ডিলার চাল বিক্রয় করবেন, তাদের টেলিফোন নম্বরসহ তাদের তালিকা সংশ্লিষ্ট কার্যালয়গুলো হতে সকাল ১০.০০ টার মধ্যে সংগ্রহ করবেন;
- কোন ডিলারের বিক্রয় কেন্দ্র পরিবর্তন হলে তার কারণসহ নতুন বিক্রয় কেন্দ্রের যাবতীয় তথ্য সংগ্রহ করবেন;
- খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়/খাদ্য অধিদপ্তরের কোন ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী ডিলারদের সম্পর্কে কোন তথ্য চাইলে বা সংশ্লিষ্ট কর্মকর্তাদের ফোন নম্বর জানতে চাইলে, তা সরবরাহ করবেন;
- দিন শেষে ডিলার ভিত্তিক উত্তোলন, বিতরণ ও উদ্বৃত্ত মালামাল সম্পর্কিত যাবতীয় তথ্য সংগ্রহ করবেন;
- মালামাল উত্তোলন, বিতরণ ও উদ্বৃত্ত মজুদ নিরাপদে সংরক্ষণের ক্ষেত্রে কোন অনিয়ম হয়ে থাকলে, তার তথ্য সংগ্রহ করবেন;
- সংগ্রহকরা হালনাগাদ তথ্য প্রতিদিন সকাল ১১.৩০ মিঃ ও সন্ধ্যা ৮.০০ টার মধ্যে খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর একান্ত সচিব ও সহকারী একান্ত সচিব, সচিবের একান্ত সচিব, মহাপরিচালক এবং পরিচালক (সববি)-কে টেলিফোনে জানাবেন;
- এছাড়া সময় সময় দেয়া অন্যান্য দায়িত্ব পালন করবেন।

স্বাক্ষরিত/-  
(পিউস কস্তা)  
মহাপরিচালক  
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- সববি/ওএমএস-০৩/২০১০/৪০(১৪)

তারিখ ঃ ২৪/০১/২০১০

অনুলিপি ঃ

- ১। সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জনসংযোগ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
- ৬। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। তাঁকে নিয়ন্ত্রক কক্ষে দায়িত্ব পালনকারী কর্মকর্তাদেরকে গাড়ী সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
- ৭। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
- ৮। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ৯-১২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/নারায়ণগঞ্জ/গাজীপুর/নরসিংদী।
- ১৩। জনাব এস, এম সাইফুল ইসলাম, সহকারী খাদ্য নিয়ন্ত্রক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১৪। জনাব ইকবাল বাহার চৌধুরী, সহকারী খাদ্য নিয়ন্ত্রক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

(মোঃ বদরুল হাসান)  
পরিচালক  
সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ  
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

